

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯২৪

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৫৪. যার দ্বারা হজ পরিপূর্ণ হয়

بَابِ بِمَا يَتَمُّمُ الْحَجُّ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا بُكَيْرُ بْنُ عَطَاءٍ قَالَ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ  
بْنَ يَعْمَرَ الدِّيلِيَّ يَقُولُ سُلِّلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْحَجَّ فَقَالَ الْحَجُّ عَرَفَاتُ أَوْ  
يَوْمُ عَرَفَةَ وَمَنْ أَدْرَكَ لَيْلَةَ جَمْعٍ قَبْلَ صَلَاةِ الصُّبُحِ فَقَدْ أَدْرَكَ وَقَالَ أَيَّامُ مِنِي ثَلَاثَةُ أَيَّامٍ  
فَمَنْ تَعَجَّلَ فِي يَوْمَيْنِ فَلَا إِثْمَ عَلَيْهِ وَمَنْ تَأَخَّرَ فَلَا إِثْمَ عَلَيْهِ

বাংলা

১৯২৪. আবদুর রাহমান ইবন ইয়া'মুর আদ দাইলী রাদিয়াল্লাহু আনহু বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-  
কে হাজ সম্পর্কে প্রশ্ন করা হলো। তখন তিনি বললেন: “হাজ হচ্ছে আরাফাত (এর ময়দানে অবস্থান) কিংবা  
আরাফার দিবস। যে ব্যক্তি ফজর সালাতের পূর্বেই রাতে মুয়দালিফায় পৌঁছতে পারলে সে (হাজ) পেল।” তিনি  
আরও বলেন: “মিনায় অবস্থানের দিন হচ্ছে তিনটি দিন। (আল্লাহ বলেন:) “দুই দিন অবস্থান করে কোন লোক  
তাড়াতাড়ি ফিরে যেতে ইচ্ছা করলে তাতে কোন দোষ নেই। আর (তিনিদিন পর্যন্ত অবস্থানকে) কোন লোক  
বিলম্বিত করলে তাতেও কোনো দোষ নেই।”[১] (সূরা বাকারা: ২০৩)

ফুটনোট

[১] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হির্বান নং ৩৮৯২; মাওয়ারিদুয় যাম'আন নং ১০০৯ ও  
মুসনাদুল হুমাইদী নং ৯২৩ তে। ((আবু দাউদ, মানসিক ১৯৪৯; তিরমিয়ী, হাজ ৮৮৯; নাসাই, হাজ ৫/২৬৪;  
ইবনু মাজাহ, মানসিক ৩০১৫। - ফাওয়ায় আহমেদের দারেমী হা/১৮৮৭ এর টীকা থেকে। অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়ামুর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82207>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন